**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
(স্থানীয় সরকার শাখা)
**www.sylhetdiv.gov.bd**

স্মারক নম্বর: ৪৬.৬০.০০০০.০০৭.১১.০৭০.১৫-১৪৭

তারিখ: ২৯ বৈশাখ, ১৪২২ বাংলা / ১২ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ০৯-০৩-২০১৫ খ্রি: তারিখের ৪৬.০৯৯.০২৮.০১.০১.০০১.২০০৮-৩৫৭ নং স্মারক মতে বিভাগীয় কমিশনারের কার্যালয়ের পরিচালক, স্থানীয় সরকার এর দপ্তরের জন্য নিম্নলিখিত শূণ্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বিভাগীয় কমিশনার অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ বিধিমালা, ১৯৮৬ মতে সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দাগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আগামী ১৪.০৬.২০১৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর | টা: ৫৫০০-১২০৯৫/- (১৩নং স্কেল) | ০১ (এক) | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) সাঁটলিপিতে ন্যূনতম প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজিতে ৮০ শব্দের গতি সম্পন্ন হতে হবে।<br>(গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত Word Processing/ Data Entry & Typing ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজিতে ৩০ শব্দ হতে হবে। |
| ০২ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম কম্পিউটার অপারেটর | টা: ৫২০০-১১২৩৫/- (১৪নং স্কেল) | ০২ (দুই) | ১। উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। সাঁটলিপিতে গতি মিনিটে বাংলায় ৪৫টি ও ইংরেজীতে ৭০টি শব্দ এবং কম্পিউটার ব্যবহার সংক্রান্ত Word Processing/ Data Entry & Typing ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২৫টি ও ইংরেজীতে ৩০টি শব্দ। |
| ০৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | টা: ৪৭০০-৯৭৪৫/- (১৬নং স্কেল) | ০৩ (তিন) | ১। উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>২। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত Word Processing/ Data Entry & Typing ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে বাংলায় ২০টি ও ইংরেজীতে ২০টি শব্দ। |
| ০৪ | এম.এল.এস.এস (অফিস সহায়ক) | টা: ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল) | ০২ (দুই) | ৮ম শ্রেণী |
| ০৫ | সুইপার (পরিচ্ছন্নতাকর্মী) | টা: ৪১০০-৭৭৪০/- (২০নং স্কেল) | ০১ (এক) | ৮ম শ্রেণী পর্যন্ত অথবা পেশাগত সুইপার |

## শর্তাবলী

(১) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং সিলেট বিভাগের স্থায়ী বাসিন্দা হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারো সাথে বিবাহিত বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ কেউ আবেদন করার যোগ্য বিবেচিত হবেন না।

(২) অফিসের নির্ধারিত আবেদন ফরমটি www.sylhetdiv.gov.bd ওয়েবসাইটের প্রথম পাতার 'নোটিশ বোর্ড' সেকশনে এবং এ অফিসের স্থানীয় সরকার শাখায় পাওয়া যাবে।

(৩) ১-০৭৪১-০০০০-২০৩১ নম্বর কোডে ট্রেজারি চালানের মাধ্যমে 'পরীক্ষার ফি বাবদ' ক্রমিক নং ১-৩ পযন্ত উল্লিখিত পদের জন্য ১০০/- (এক শত) টাকা এবং ক্রমিক নং ৪-৫ পযন্ত উল্লিখিত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানের মূলকপি দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(৪) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সঙ্গে নিজের নাম-ঠিকানা লিখিত ৬/- টাকার ডাক টিকেট (অব্যবহৃত) লাগানো ১০.৫"×৪.৫" সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

(৫) প্রার্থীর বয়সসীমা ১৪.০৬.২০১৫ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত বয়স শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৬) খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে), এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম-ঠিকানা স্পষ্ট অক্ষরে উল্লেখ করতে হবে।

(৭) চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।

(৮) **আগামী ১৪.০৬.২০১৫ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে** আবেদনপত্র ডাকযোগে পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কাযালয়, সিলেট বিভাগ, সিলেট, ডাক: কদমতলী, সিলেট' এই ঠিকানায় অথবা দপ্তরে স্থাপিত দরখাস্ত গ্রহণ বাক্সে আবেদনপত্র পৌঁছাতে হবে। হাতে হাতে কোন আবেদন পত্র গ্রহণ করা হবে না।

(৯) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

(১০) আবেদনপত্রে বর্ণিত যেকোন তথ্য যেকোন পর্যায়ে ভুয়া/মিথ্যা প্রমাণিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১১) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.sylhetdiv.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে এবং শুধুমাত্র লিখিত পরীক্ষার জন্য প্রবেশপত্র ইস্যু করা হবে।

(১২) নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৩) নিয়োগ সংক্রান্ত সকল সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।

(১৪) আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। যেকোন তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

স্বাক্ষরিত/-
(মো: মিজানুর রহমান)
পরিচালক, স্থানীয় সরকার
(যুগ্ম সচিব)
সিলেট বিভাগ, সিলেট
ফোন: ০৮২১-৮৪০৭১০

২৯ বৈশাখ, ১৪২২ বাংলা
তারিখ: -------------------------
১২ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪৬.৬০.০০০০.০০৭.১১.০৭০.১৫-১৪৭/১(৫৬)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল:-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, সিলেট।

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য:

০১। জেলা প্রশাসক, ---------------------------------(সকল), সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
০২। পুলিশ সুপার, ---------------------------------------(সকল), সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, ---------------------------------(সকল), সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
০৪। আঞ্চলিক পরিচালক, বিজ্ঞপ্তি বিভাগ, বাংলাদেশ বেতার, সিলেট (বিজ্ঞপ্তিটি আগামী ১৪/০৬/২০১৫ খ্রি:) তারিখের পূর্বে কয়েকদিন বেতারের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৫। উপ-পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।)
০৯-১০। সম্পাদক, দৈনিক উত্তরপূর্ব/দৈনিক যুগান্তর, সিলেট। উপরোক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি ৯$\frac{১}{২}$ × ৬$\frac{১}{২}$ কলাম ইঞ্চিতে ভেতরের পাতায় আগামী ১৪/০৫/২০১৫ খ্রি: তারিখের মধ্যে ০১ (এক) বার তাঁর পত্রিকায় প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ)টি কপি পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১। নোটিশ বোর্ড।
১২। অফিস নথি।

(পরিমল সিংহ)
উপ-পরিচালক, স্থানীয় সরকার
সিলেট বিভাগ, সিলেট।
ফোন: ০৮২১-৮৪০৩৬০